

■■ চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে'ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ পরিশিষ্ট

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

পরিশিষ্ট

হে সম্মানিত ভাই... হে সম্মানিত বোন।

সকল প্রশংসা আল্লাহর জন্য, যিনি আমাদের জন্য দীনকে পরিপূর্ণ করেছেন। আর আমাদের ওপর নি'আমতকে সম্পূর্ণ করেছেন। আর তিনি আমাদেরকে দীন ইসলাম-সত্য দীন, তাওহীদ এবং দুনিয়া ও আখিরাতের সাফল্যের পথ দেখিয়েছেন।

হে সম্মানিত ভাই! সর্বাধিক গুরুত্বপূর্ণ হচ্ছে সাহাবীদের বুঝ অনুযায়ী আল্লাহর কিতাব ও রাসূলের সুন্নাহ নির্ভর শরী'আতের ইলম দিয়ে পাথেয় অবলম্বনের চেষ্টা করা। যাতে আমরা তাদের অন্তর্ভুক্ত হতে পারি, যারা জেনে-বুঝে আল্লাহর ইবাদত করে এবং সন্দেহ ও বিভ্রান্তিকর ফিতনায় নিপতিত হওয়া থেকে নিরাপদ থাকতে পারি। আর কারো মর্যাদা যতই উঁচু হোক না কেন, সে ইলমের পাথেয় অবলম্বনে আদিষ্ট এবং তার প্রতি মুখাপেক্ষী। তোমার নবী, তার ওপর আল্লাহর সালাত ও সালাম তার রব তাকে আরো বেশি ইলম অর্জন করতে নির্দেশ করছেন। তিনি বলেন,

فَاعْلَمَ اللَّهُ إِلَّهُ إِلَّهُ إِلَّا ٱللَّهُ [محمد: ١٩]

"জেনে রাখ, তিনি ছাড়া আর কোনো সত্য ইলাহ নেই"। [সূরা মুহাম্মাদ, আয়াত: ১৯] এবং তার রবের নিকট আরো ইলম প্রার্থনা করতে নির্দেশ দিয়েছেন। তিনি বলেন,

وَقُل رَّبِّ زِدانِي عِلاهًا [طه: ١١٤]

"আর বল, হে আমার রব আমার ইলম বাড়িয়ে দাও"। [সূরা তোহা, আয়াত: ১১৪] হে আল্লাহর তাওফীক প্রাপ্ত বান্দা! তুমি তোমার নবী ও ইমাম মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আদর্শের অনুসরণ কর এবং উভয় জগতে কল্যাণ ও সুউচ্চ মর্যাদার সুসংবাদ গ্রহণ করো। আল্লাহ তা'আলা বলেন,



প্রভাব কতই না মহান! বস্তুত তারাই আল্লাহর ইচ্ছায় মূর্খতা, গোমরাহী ও কুসংস্কারে নিমজ্জিত ব্যক্তিকে মুক্তিদাতা এবং শান্তি, নুর, হিদায়াত ও জান্নাতের পথের দিকে নেওয়ার জন্য তাদের হাত পাকড়াওকারী। সকল প্রশংসা আল্লাহর জন্যে, যিনি জগতসমূহের রব।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10027

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন